

2020

ELECTIVE BENGALI (General)

Fourth Paper

[New Syllabus : Old Pattern and
Old Syllabus : Old Pattern]

Full Marks : 50

Time : Two Hours

[New Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।

৯

অথবা,

উদাহরণসহ যে কোনো তিনটি বিষয়ে আলোচনা করো :

যতি ও ছন্দের পার্থক্য, অক্ষর বা দল, শোষণ শক্তি, লয়,
মিল।

৩×৩=৯

২। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) :

৩×২=৬

(ক) যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে

যমুনা যাবেন শ্বশুরবাড়ি কাজিতলা দিয়ে।।

(খ) কি কব দুঃখের কথা কহিতে না জুয়ায়।

দেশে না আসিল বধু বর্ষ বহি যায়।।

দিন যায় ক্ষণ রে যায় না মিটিল আশ।

এইরূপে কান্দিয়া গেল লীলার ছয় মাস।।

(গ) বাইরে ছিল সাধুর আকার

মনটা কিন্তু ধর্ম ধোয়া।

পুণ্য খাতার জমা শূন্য,

ভণ্ডামিতে চারটি পোয়া।

(ঘ) শুধু মাতা নহ, জগন্মাতার আসনে বসেছ তুমি,—

সেই গৌরবে জননী আমার, তোমার চরণ চুমি।

৩।(ক) রূপক অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলির পরিচয় দাও।

২+২+৫=৯

অথবা,

অনুপ্রাস অলংকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও বিভাগগুলির পরিচয় দাও।

২+২+৫=৯

(খ) অলংকার নির্ণয় করো (দুটি) :

৩×২=৬

(অ) ধরনী এগিয়ে আসে দেয় উপহার
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।

(আ) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা,
মুখ তার শ্রাবস্তীর কারুকার্য।

(ই) শেফালির মত শুভ্র সুরভি-বিথার
বিকশি উঠিতে চাহে,

(ঈ) আসল কথাটি চাপা দিতে, ভাই
কাব্যের জাল বুনি।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্যের শ্রেণিবিভাগ করো এবং যে কোনো একটি শ্রেণীর মহাকাব্যের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

২+৩+৫=১০

(খ) ট্রাজেডির সংজ্ঞা নিরূপণ করো। প্রসঙ্গত ট্রাজেডির সঙ্গে কমেডির পার্থক্য দেখাও।

৩+৭=১০

(গ) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে তোমার পাঠ্য একটি ঐতিহাসিক উপন্যাসে সেই সব বৈশিষ্ট্য কীভাবে রক্ষিত হয়েছে, আলোচনা করো।

২+৩+৫=১০

(ঘ) গীতিকাব্য কাকে বলে? বাংলা গীতিকবিতার সূচনা কার হাতে? তাঁর গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২+১+৭=১০

[Old Syllabus : Old Pattern]

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যাসমূহ প্রশ্নের মান নির্দেশক।

১। প্রবহমান পয়ার ছন্দের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।

৭

অথবা,

উদাহরণসহ যে কোনো দুটি বিষয়ে আলোচনা করো :

মুক্তক, স্তবক, অক্ষর, যতিলোপ, পর্ববন্ধ।

৩ $\frac{১}{২}$ × ২ = ৭

২। যে কোনো দুটির ছন্দোলিপি প্রস্তুত করো :

৪ × ২ = ৮

(ক) হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান

অপমানে হতে হবে তাহাদের সবার সমান।

(খ) চুড়ি চাই চুড়ি চাই সে হাঁকে,
চীনের পুতুল বুড়িতে তার থাকে।

(গ) বনচূড়া রঞ্জিল স্বর্ণ
পূর্বদিগন্তের প্রান্তরেখায়।

(ঘ) দুঃখের বরষায় চক্ষের জল যেই নামল
বক্ষের দরজায় বন্ধুর রথ সেই থামল।

৩।(ক) যমক অলঙ্কারের পরিচয় দাও। শ্লেষ অলঙ্কারের বৈশিষ্ট্য কি কি? ২+৩=৫

অথবা,

অনুপ্রাস কাকে বলে? অনুপ্রাস অলঙ্কারের প্রকারভেদ উদাহরণসহ লেখো। ৫

(খ) অলঙ্কার নির্ণয় করো (যে কোনো দুটি) : $২ \times \frac{১}{২} + ২ \times \frac{১}{২} = ৫$

(অ) গোধূলির সঙ্গে আমার পরিচয় হলো।

(আ) জীবে দয়া পরম ধর্ম জীবে দয়া তব কই।

(ই) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে।

(ঈ) আসল কথাটি চাপা দিতে, ভাই
কাব্যের জাল বুনি।

(গ) উদাহরণসহ সংজ্ঞা দাও (যে কোনো দুটি) : $২ \times \frac{১}{২} \times ২ = ৫$

উৎপ্রেক্ষা, অপহুতি ব্যতিরেক, ভ্রান্তিমান।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রবন্ধ কাকে বলে? ব্যক্তিগত প্রবন্ধ ও বিষয়নিষ্ঠ প্রবন্ধের তুলনামূলক আলোচনা করো।

২+৮=১০

(খ) আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ? উদাহরণসহ এই শ্রেণীর উপন্যাসের বৈশিষ্ট্য আলোচনা করো।

৩+৭=১০

(গ) ট্রাজেডির সংজ্ঞা দাও। ট্রাজেডির সংজ্ঞায় উল্লিখিত ক্যাথারসিস শব্দটির তাৎপর্য বিচার করো।

৪+৬=১০

(ঘ) রাজনৈতিক উপন্যাস কাকে বলে? একটি রাজনৈতিক উপন্যাসের উদাহরণ দিয়ে সংক্ষেপে বিষয়টি স্পষ্ট করো।

৪+৬=১০